

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নম্বর ২৮

তারিখ : ভাদ্র ২২, ১৪২৮
সেপ্টেম্বর ০৬, ২০২১

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকির আবেদনের সাথে রপ্তানিকারক এসোসিয়েশনের ইস্যুকৃত প্রত্যয়ন সনদ দাখিল প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার নম্বর ১১, তারিখ নভেম্বর ১৬, ১৯৯৮; এফই সার্কুলার নম্বর ১২, তারিখ জুলাই ১৭, ২০১১ এবং এফই সার্কুলার নম্বর ১২, তারিখ এপ্রিল ০৭, ২০১৬ এবং এতদ্বিষয়ে প্রযোজ্য অন্যান্য এফই সার্কুলার/সার্কুলার পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী জানানো যাচ্ছে যে, অগ্রিম রপ্তানিমূল্য প্রত্যাভাসন ব্যবস্থায় পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে ভর্তুকির আবেদন দাখিলের ক্ষেত্রে ছাড়াও প্রচলিত ব্যবস্থায় রপ্তানিমূল্য প্রত্যাভাসনের ক্ষেত্রে পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকির আবেদনের সাথে বাংলাদেশ জুট স্পিনার্স এসোসিয়েশন (বিজেএসএ) ও বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন (বিজেএমএ) এর স্ব স্ব সদস্যদের অনুকূলে ইস্যুকৃত প্রত্যয়ন সনদ (এফই সার্কুলার নম্বর ১২/২০১১ অনুসারে) দাখিল করতে হবে। পাশাপাশি বৈচিত্রকৃত পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে ভর্তুকির আবেদনপত্র দাখিলের ক্ষেত্রে এফই সার্কুলার নম্বর ১২/২০১৬ এর সংযোজনী-খ মোতাবেক প্রত্যয়ন সনদ দাখিলের ব্যবস্থা যথারীতি অব্যাহত থাকবে।

০৩। এ নির্দেশনা সার্কুলার জারির তারিখ থেকে জাহাজিকৃত পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে ভর্তুকির আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য হবে। আলোচ্য রপ্তানিতে রপ্তানি ভর্তুকি সংশ্লিষ্ট অন্যান্য সার্কুলার/সার্কুলার পত্রের প্রযোজ্য নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,



(কাজী রফিকুল হাসান)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১২৩